কুমিল্লা

## মুরাদনগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ আহসানুল আলম কিশোর, চেয়ারম্যান, মুরাদনগর উপজেলা পরিষদ, কুমিল্লা
তারিখ ঃ ২৩ নভেম্বর ২০২৩
সময় ঃ সকাল ১১:০০ ঘটিকা
সভার স্থান ঃ কবি নজরুল মিলনায়তন, মুরাদনগর, কুমিল্লা
সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত পরিষদের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর কর্তৃক সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে সভায় বিভাগভিত্তিক নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রম | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মুরাদনগর তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। অক্টোবর/২০২৩ মাসে হাসপাতালে মোট ১৯৬৮ জন রোগী ভর্তি হয়ে সেবা গ্রহণ করেছেন। ডাইরিয়ায় আক্রান্ত রোগী ছিল ২২৫ জন, যক্ষা রোগী ৭২ জন, এম.আর.আই ৯৩ জন এবং ৬৫ জন নারীকে প্রসুতি সেবা দেয়া হয়েছে। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভসাবে চলমান রয়েছে বলে জানান। | উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনার উত্থাপিত বিষয়ে আলোকপাত করা হয়। আলোচনাক্রমে হাসপাতালের পরিবেশ সুন্দর রাখার লক্ষ্যে কোন প্রকার দালাল এর দৌরাত্ন যেন না থাকে এ দিকে সজাগ দৃষ্টি রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। স্বাস্থ্য সেবার মানোন্নয়নে হাসপাতালে কর্মরত ডাক্তার, নার্সসহ সকল মাঠ কর্মীদের সেবার মানোন্নয়নে মনিটরিং বৃদ্ধি করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>৩। উপজেলা প্রকৌশলী |
| ০২ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কা্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে জানান। চলতি বৎসরের এডিপি বরাদ্দ দ্বারা প্রকল্প গ্রহণের কাযক্রম শুরু করা হবে। প্রকল্প দাখিলের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। | এডিপি বরাদ্দের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের জন্য তালিকা প্রাপ্তি সাপেক্ষে যাচাই-বাছাই কমিটিতে উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। এছাড়া উপজেলা পরিষদের মেইন গেইট দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, মুরাদনগর সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে রবি ২০২৩-২৪ মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় বোরো (হাইব্রিড) বীজ সহায়তা ১৫০০ জন, বোরো (উফশী) ৭২০০ জনকে বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।<br>২। ৫০% ভর্তুকি মূলে এ উপজেলাধীন পাত্তিত, বড়ইবাড়ী ও বাখরনগর গ্রামে ০৩টি কম্বাইন হারভেস্টার ধান কাটার কৃষি যন্ত্র বিতরণ করা হয়েছে।<br>এছাড়াও এ উপজেলায় বিভিন্ন রাসায়নিক সারের পর্যাপ্ত মওজুদ রয়েছে এবং দাম ও স্থিতিশীল রয়েছে এবং তাঁর বিভাগীয় অন্যান্য কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। | খরিপ-২/২০২৩-২৪ মৌসুমের রোআ আমনসহ শাক-সবজি উৎপাদনের এবং রবি/২০২৩-২৪ মৌসুমে কৃষি পুনর্বাসন কর্মসূচীর উপকরণ বিতরণ ও বাস্তবায়নে প্রকৃত কৃষক যেন উপকরণ পায় সেজন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতার অনুরোধ জানান।<br>২। ৫০% ভর্তুকি মূলে যন্ত্রপাতি ক্রয়ের বিষয়টি ব্যাপক প্রচার প্রচারনার মাধ্যমে প্রান্তিক পর্যায়ের কৃষকসহ সকলকে অবহিত করার ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার<br>২। চেয়ারম্যান সকল ইউপি |
| ০৪ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মুরাদনগর জানান যে, প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আওতায় পিজির ৩৫৩ জন খামারীকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং এ উপজেলাধীন প্রতিটি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে সর্বমোট ২৩৭০০ ছাগল-ভেড়াকে বিনামূল্যে পি.পি আর রোগের টিকা প্রয়োগ করা হয়েছে। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে জানান। | খামারীগণকে বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদানের ধারা অব্যাহত রাখাসহ গবাদি পশুর চিকিৎসা প্রদানে কোন উপকারভোগী যেন হয়রানির স্বীকার না হয় সেদিকে মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারিদের প্রতি দৃষ্টি রাখতে প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। এছাড়া | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>২। চেয়ারম্যান (সকল) ইউপি, মুরাদনগর, কুমিল্লা। |
| ০৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগে সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | দেশের আমিষ জাতীয় খাদ্যের ঘাটতি মেটাতে মৎস্য সম্পদের প্রজনন, উৎপাদন ও মৎস্য সম্পদ আহরণে সার্বিক সহযোগিতা ও ভূমিকা গ্রহণ করতে উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সিনিয়রউপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পা কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২৩ মাসে মোট সক্ষম দম্পত্তি ছিল ১০৭০৩৪, পদ্ধতি গ্রহণকারী ৮২১০৯ জন এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | পরিবার পরিকল্পনা বিভাগে কর্মরত সকল মাঠকর্মীসহ সংশ্লিষ্ট সকলকে তৃণমূল পর্যায়ে সেবা প্রদানে সজাগ দৃষ্টি রাখতে ও তদারকি বৃদ্ধি করতে উপজেলা পরিকল্পনা কর্মকর্তাসহ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে ও অনুরোধ করা হয়। | উপজেলা পরিকল্পনা কর্মকর্তা<br>২। চেয়ারম্যান (সকল) ইউপি, মুরাদনগর, কুমিল্লা |
| ০৭ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত) সভায় জানান যে,নতুন বই নতুন শিক্ষাক্রম। সকলের সহযোগিতা কামনা করেন। | প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান মানসম্মত রাখতে ও স্কুল তদারকি বৃদ্ধি করতে উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা। | উপজেলা শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নতুন কারিকুলাম বাস্তবায়নের জন্য শিক্ষকদের প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়া ২০২৪ সালের মাধ্যমিক পর্যায়ের (৬ষ্ঠ-৯ম) শ্রেণীর বই গ্রহণের কাজ চলমান রয়েছে জানুয়ারি থেকে বই বিতরন শুরু হবে মর্মে সভাকে অবহিত করেন। | শিক্ষার মানোন্নয়নে নতুন কারিকুলাম অনুযায়ী পর্যায়ক্রমে সকল শিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদান করা ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার মানোন্নয়নে তদারকি বৃদ্ধি করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বর্তমানে বয়স্ক ভাতা, বিধবা ভাতাসহ অ ন্যান্য ভাতার কার্যক্রম শেষ হয়েছে। এখন বরাদ্দ আসলে তা পর্যায়ক্রমে বিলি করা হবে। | ভাতাভোগী নির্বাচনে সরকারের নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক তালিকা প্রস্তুত করতে হবে । এছাড়া কোন দুঃস্থ, অসহায়, নিঃস্ব ব্যক্তিসহ কেহ যেন হয়রানির স্বীকার না হয় সে বিষয়ে দৃষ্টি রাখতে উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মুরাদনগর সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে মুরাদনগর উপজেলায় গ্রামীণ অবকাঠামো রক্ষণা-বেক্ষণ (টিআর) প্রকল্প এবং গ্রামীণ অবকাঠামে সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির উপজেলা পরিষদ ওয়ারি এবং মাননীয় এমপি মহোদয়ের টিআর/কাবিটা/কাবিখা প্রকল্প তালিকা অনুমোদন এবং সঠিক সময়ে বাস্তবায়নের জন্য সভায় অবহিত করেন এছাড়া সেতু কালভার্ট প্রকল্প তালিকা এবং এইচবিবি প্রকল্প প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | বর্ণিত প্রকল্প যথাসময়ে অনুমোদন এবং বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। এছাড়া কোন শ্রমিক যেন তার ন্যায্য পাওনা থেকে বঞ্চিত না হয় এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ পিআইও কে নজরদারি বৃদ্ধি করতে অনুরোধ করা হয়। | পিআইও এবং সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান |
| ১১ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহের আওতায় মুরাদনগর উপজেলায় রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কীমের জন্য ৫ শতাংশ জায়গার প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে উপজেলা পরিষদ অভ্যন্তরে আবাসিক কোয়াটারের উত্তরে বাউন্ডারি ওয়াল সংলগ্ন ৫ শতাংশ খালি জায়গাতে প্রস্তাবিত রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কীম স্থাপনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | জনস্বাস্থ্য প্রকৌশলী । |
| ১২ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মুরাদনগর সভায় জানান যে, অক্টোবর/২০২৩ মাসে ঋণ বিতরণ করা হয় ৫.৪০ লক্ষ এবং আদায় ৯.০৩ লক্ষ্য টাকা এভাড়া তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ঋণ আদায়ের ক্ষেত্রে ১০০% লক্ষ্যমাত্রা অর্জনে আন্তরিকতার সাথে কাজ করতে হবে এবং ঋণদান ও ঋন আদায়ে স্বচ্ছতা অবলম্বন করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৩ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি কর্মসূচির অক্টোবর/২৩ মাসের খাদ্যশস্য বিতরণ সম্পন্ন হয়েছে।<br>২। মা ও শিশু কর্মসূচি সহায়তার আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে প্রতি ইউনিয়নে মাসে ৬ জন করে উপকারভোগী নির্বাচন কার্যক্রম চলমান রয়েছে এছাড়া কিশোর-কিশোরী ক্লাবসহ অফিসের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সকল ভাতাভোগী নির্বাচনের ক্ষেত্রে সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক তালিকা প্রস্তুতের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান সকল |
| ১৪ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। সকলের সহযোগিতা কামনা করেন। | তাঁর বিভাগীয় কার্যক্রম যেমন বেকার যুবক-যুবতীদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে গড়ে তোলার জন্য দক্ষতার সাথে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে সজাগ দৃষ্টি রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ১৫ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে উপজেলা সমবায় অফিসারের প্রতিনিধি সভায় জানান। | সমবায় অফিস কর্তৃক বিভিন্ন সমিতির কার্যক্রম সচল আছে কিনা এ বিষয়ে তদারকি বৃদ্ধি করা এবং যে সকল আশ্রয়ণ প্রকল্প সমূহে সমবায় সমিতি গঠন করা হয়নি সেসকল আশ্রয়ণসমূহে দ্রুত সময়ের মধ্যে সমবায় সমিতি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসারকে বলা হলো। | উপজেলা সমবায় অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্য বান্ধব ডিলার সমন্বয়ে নির্বাচিবত উপকার ভোগীর মাঝে খাদ্য বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া গুদামে পর্যপ্ত খাদ্য মজুদ রয়েছে। | খাদ্য মজুদের বিষয়টি সার্বক্ষণিক মনিটরিং রাখাসহ উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত রাখতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকে অনুরোধ করা হয়। এছাড়া সঠিক ওজনে এবং প্রকৃত উপকারভোগীগণকে যেন খাদ্য সরবরাহ করা হয় সেদিকে তদারকি করতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট ট্যাগ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ট্যাগ অফিসার (সকল) |
| ১৭ | সাব-রেজিস্টার অফিস | উপজেলা সাব-রেজিস্টার অফিসার সভায় অনুপস্থিত থাকায় সভাপতি অসন্তোষ পোষণ করেন এবং ভবিষতে তিনি কিংবা তাঁর কোন উপযুক্ত প্রতিনিধি আবশ্যিকভাবে সভায় উপস্থিত থাকার অনুরোধ জানান। | উপজেলা সাব-রেজিস্টার অফিসার সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। তাঁকে পরবর্তী সভায় উপস্থিত হয়ে কারণ ব্যাখ্যাসহ বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার অনুরোধ করা হয়। | সাব-রেজিস্টার |
| ১৮ | সামাজিক বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, এসএফএনটিসি সভায় অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | সরকারি নার্সারিতে কি কি প্রজাতির গাছের চারা আছে তা সকল ইউপি চেয়ারম্যানগণকে অবহিত করার জন্য বন বিভাগের কর্মকর্তাকে অবহিত করেন। | বন কর্মকর্তা এসএফএনটিসি এবং চেয়ারম্যান সকল ইউপি |
| ১৯ | বিদ্যুৎ বিভাগ | এ.জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-১ (মুরাদনগর) সভায় জানান যে, বিভিন্ন আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারী ভূমিহীনের তালিকা হাল নাগাদ না পাওয়ায় বৈদ্যুতিক সংযোগ স্থাপন করা যাচ্ছে না। | আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারী ভূমিহীনের হালনাগাদ তালিকা দ্রুত প্রদানের জন্য সহকারী কমিশনার (ভূমি) এবং প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | সহকারী কমিশনার (ভূমি)/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ডিজিএম, এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি-১ |
| ২০ | আমার বাড়ি আমার খামার | নবযোগানকৃত ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মুরাদনগর সকলের সাথে পরিচিতির মাধ্যমে সভায় জানান যে, খেলাপী ঋণ আদায়ে সার্বিক সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | খেলাপী ঋণ আদায়ে সার্বিক সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | ব্যস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ মুরাদনগর সভায় ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার বিষয়ে তথ্য দিয়ে সহযোগীতা করার জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ করেন। | প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের সাথে ওয়েবপোর্টাল সংযোগকরণের জন্য সরকারের নির্দেশনা রয়েছে। এক্ষেত্রে সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে ওয়েবপোর্টাল সংযোগ করতে কি পরিমাণ অর্থ ব্যয় হবে তার একটি সম্ভাব্য হিসাব উপস্থাপনের জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয়। এছাড়া ওয়েবপোর্টালের তথ্য নিয়মিত হালনাগাদ রাখতে সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধান/এপি/উদ্যোক্তাগণ ২। চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| ২২ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | উপজেলা ফ্যাসিলিটেটর জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরের ৪০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এ বিষয়ে সভায় আলোচনা করে উক্ত অর্থদ্বারা জনগুরুত্বপূর্ণ বিবেচনায় (ক) মুরাদনগর উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে উচু-নিচু বেঞ্চ সরবরাহ (খ) মুরাদনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে ইলিয়টগঞ্জ গুরুত্বপূর্ণ স্থান নির্বাচন করে পর্যন্ত সোলার লাইট স্থাপন (গ) রামচন্দ্রপুর উত্তর বি-চাপিতলা কমিউনিটি ক্লিনিকে মেডিকেল যন্ত্রপাতিসহ ডেলিভারি কক্ষ নির্মাণ প্রকল্প বাস্তবায়নের জন্য উপস্থাপন করা হয়। | প্রাপ্ত বরাদ্দের বিপরীতে প্রস্তাবিত প্রকল্পসমূহ জনগুরুত্বপূর্ণ হওয়ায় তা দ্রুত বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ উপজেলা, নির্বাহী অফিসার উপজেলা, প্রকৌশলী ও ইউডিএফ এবং সংশ্লিষ্ট সকল |
| ২৩ | ইউনিয়ন পরিষদ | ১। চেয়ারম্যান কামাল্লা ইউপি সভায় জানানা যে, তাঁর ইউপির বিভিন্ন এলাকায় কারেন্ট জাল ব্যবহার করে মৎস্য ধ্বংস করছে। এ বিষয়ে মোবাইল কোর্টের মাধ্যমে প্রতিরোধ করার জন্য সভায় অনুরোধ জানান।<br>২। চেয়ারম্যান, জাহাপুর ইউপি সভায় জানান যে, বাখরাবাদ টু ইলিয়টগঞ্জগামী রাস্তার জাহাপুর কাউন্টার হতে জাহাপুর বাজার পর্যন্ত রাস্তাটি দীর্ঘদিন যাবত খুবই জরাজীর্ন। এতে স্কুলগামী ছাত্র-ছাত্রীসহ জনসাধারনের চলাচলে ভীষন অসুবিধার সম্মুখীন হতে হয়। দ্রুত রাস্তাটি সংস্কার করার প্রয়োজন। | ১। চেয়ারম্যান কামাল্লা ইউপির চাহিদা মোতাবেক সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লাকে সহকারী কমিশনার (ভূমি) এর সাথে যোগাযোগক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অ নুরোধ করা হয়।<br>২। চেয়ারম্যান, জাহাপুর ইউপির আবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মুরাদনগরকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী। |
| ২৪ | উপজেলা পরিষদ সংক্রান্ত | ১। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় বিভিন্ন ব্যয় অনুমোদন এর জন্য সভায় উপস্থাপন করা হয় ঃ<br>ক। জনাব মোঃ ইকবাল হোসেন সরকার, সিএ, উপজেলা | প্রস্তাবমতে আলোচ্য ব্যয়সমূহ যথাযথ এবং | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| | পরিষদ এর ১৪/০৫/২০১২ হতে জুন-২০২৩ মূল বেতনের ১০% সিপিএফ এর অর্থ বাবদ মং ১৬৯৫৬৮/-টাকা, জনাব মোঃ আবদুল করিম, গাড়ি চালক, উপজেলা পরিষদ এর ১৪/০৫/২০১২ হতে জুন-২০২৩ মূল বেতনের ১০% সিপিএফ এর অর্থ বাবদ মং ১৫৪৪৭২/-টাকা, জনাব মোঃ আকতার হোসেন, এর ১৫/০২/২০১৫ হতে জুন-২০২৩ মূল বেতনের ১০% সিপিএফ এর অর্থ বাবদ মং ১০৮৩৫৫/-টাকা ও জনাব মোঃ মাহাবুব আলম এর ১৬/০২/২০১৫ হতে জুন-২০২৩ মূল বেতনের ১০% সিপিএফ এর অর্থ বাবদ মং ১০৮৩৫৫/-টাকা প্রদান চেক নং ৭৬৩৫২৬৩-৬৬, তাং ৩০/১২/২০২<br>খ) অক্টোবর/২৩ মাসের উপজেলা পরিষদ আপ্যায়ন বিল বাবদ মনিরকে প্রদান ২৮৫০০/-টাকা এবং ভ্যাট বাবদ ১৫০০/-টাকা চেক নং ৭৬৩৫২৬৭-৬৮, তাং- ০১/১১/২০২৩<br><br>গ) অক্টোবর/২৩ মাসের বাবদ উপজেলা পরিষদ আনুষাঙ্গিক বিল বাবদ হাবিবকে প্রদান ৪৬২৫/-টাকা এবং ভ্যাট বাবদ ৩৭৫/-টাকা চেক নং ৭৬৩৫২৬৯-৭১, তাং- ১/১১/২০২৩<br><br>ঘ) অক্টোবর/২৩ মাসে উপজেলা পরিষদের বর্জ্য অপসারণ বাবদ এরশাদ মিয়াকে প্রদান ৫০০০/-টাকা চেক নং ৭৬৩৫২৭২, তাং- ০১/১১/২০২৩<br><br>ঙ) অক্টোবর/২৩ মাসে মালি মোঃ মালেক মিয়ার বেতন বাবদ প্রদান ১৪৩০০/-টাকা চেক নং ৭৬৩৫২৭৩, তাং- ০১/১১/২০২৩<br><br>চ) অক্টোবর/২৩ মাসে পরিষদের মূল গেটে পাহারাদার গোলাম মোস্তফা এর বেতন বাবদ প্রদান ১০৮৫০/-টাকা চেক নং ৭৬৩৫২৭৪, তাং- ০১/১১/২০২৩<br><br>ছ) ২০২২-২৩ অর্থবছরে উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের কলাপসিপল গেইট স্থাপনের বিল বাবদ জনাব তুফরীজ, প্রকল্প সভাপতিকে প্রদান ১৪২৭২৩/-টাকা, ভ্যাট বাবদ প্রদত্ত ১১৯৬১/-টাকা এবং আয়কর ৪৭৮৫/-টাকা, চেক নং ৭৬৩৫২৭৫-৭৭, তাং- ০১/১১/২০২৩<br><br>জ) ২০২২-২৩ অর্থবছরে মশক নিধন, ঘাস কাটার মেশিন ক্রয় ও ইউএনও মহোদয়ের বাংলোর অফিসে টেলিফোন সংযোগ বাবদ জনাব তুফরীজ, প্রকল্প সভাপতিকে প্রদান ১৭৬২৬৭/-টাকা, ভ্যাট বাবদ প্রদত্ত ১৪৭৭২/-টাকা এবং আয়কর ৫৯০৯/-টাকা, চেক নং ৭৬৩৫২৭৮-৮০, তাং- ০১/১১/২০২৩<br><br>ঝ) উপজেলা প্রকৌশলীর কার্যালয় মেরামত জনাব আবুল কালমা আজাদ, প্রকল্প সভাপতিকে ১৭৪০০০/-টাকা এবং উক্ত বিলের ভ্যাট বাবদ মং ২০০০০/-টাকা, আয়কর ৬০০০/-টাকার প্রদান চেক নং ৭৬৩৫২৮১-৮৩, তাং- ০১/১১/২০২৩<br>ঞ) জনাব আহসানুল আলম কিশোর, চেয়ারম্যান উপজেলা পরিষদের অক্টোবর ২০২৩ মাসের সম্মানী ভাতা বাবদ প্রদান ৪০০০০/-টাকা চেক নং ৭৬৩৫২৮৪, তাং- ০১/১১/২০২৩<br><br>ট) উপজেলা পরিষদের ম্যুরাল ও হলরুমে বৈদ্যুতিক লাইট ও লাইন মেরামত বাবদ জনাব মঞ্জিলকে প্রদান ৭৫৮৫/-টাকা, ভ্যাট বাবদ ৬১৫/-টাকা চেক নং ৭৬৩৫২৮৫-৮৬, তাং- ১২/১১/২০২৩<br><br>ঠ) ইউএনও মহোদয়ের বাসভবনস্থ পুকুরে টাইলসকরণ এর বিল বাবদ সানোয়ারা বেগম লুনা, প্রকল্প সভাপতিকে প্রদান ১৭৯০০০/-টাকা, ভ্যাট বাবদ প্রদত্ত ১৫০০০/-টাকা এবং আয়কর বাবদ প্রদান ৬০০০/-টাকা, চেক নং৭৬৩৫২৮৭-৮৯ তাং- ১৯/১১/২০২৩<br><br>ড) উপজেলা পরিষদ করতোয়া ভবন ও অন্যান্য মেরামত বাবদ জনাব এনামুলকে প্রদান ৫৯০১৫/-টাকা, ভ্যাট বাবদ ৪৭৮৫/- | যুক্তিসঙ্গতভাবে ও জরুরি প্রয়োজনে বাস্তবায়ন করার প্রয়োজনে ব্যয় করায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | টাকা নং৭৬৩৫২৯০-৯১ তাং- ২২/১১/২০২৩<br><br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের জরুরি প্রয়োজনে নিম্নবর্ণিত কাজগুলো সম্পন্ন করা হয়েছে। ১। ঘাস কাটার মেশিন মেরামত=৪২০০/- ২। উপজেলা পরিষদের মেইন গেইটে টিনের বেড়া স্থাপন :৭৯২০/-, ৩। উপজেলা নির্বাহী অফিসারের অফিসের এসি সার্ভিসিং ২২২০০/- ৪।উপজেলা পরিষদের সিসি ক্যামেরা সার্ভিসিং কাজের বিল ১৫৪৮০/- ৫। উপজেলা পরিষদের নতুন সিসি ক্যামেরাসহ স্থাপনের বিল ২০১৬০/-৬। উপজেলা পরিষদের সিসি ক্যামেরা সার্ভিসিং কাজের বিল :১৯৫৬০/- মোট ৮৯৫২০/- টাকা। উক্ত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের রক্ষনাবেক্ষন খাত হতে নির্বাহ করার প্রস্তাব করেন। তবে এখাতে ইতোমধ্যে ব্যয়সীমা অতিবাহিত হয়েছে। পরবর্তী বৎসরে সমন্বয় সাপেক্ষে এ বিল পরিশোধের অনুরোধ জানান। | | |
| ২৫ | বিবিধ | ক। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, জনাব আবুল কালাম আজাদ সভায় সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য পেশ করেন। তিনি ১৭টি স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে কমিটির কাযক্রম তরান্বিত করার পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ করেন।<br>খ। জনাব আহসানুল আলম কিশোর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুরাদনগর ও সভাপতি, উপজেলা পরিষদ সাধারণ সভা, জানান যে, ১) উপজেলা পরিষদের চলমান সকল উন্নয়নমূলক কাজ দ্রুত সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন।<br>২) যেকোন উন্নয়নমূলক কাজের চূড়ান্ত বিল পরিশোধের পূর্বে সরেজমিন পরিদর্শনপূর্বক কাজের গুনগতমান যাচাইক্রমে বিল ছাড়করনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>৩) ইউনিয়ন পরিষদসমূহের বিভিন্ন উন্নয়নমূলক কাজের প্রস্তাব উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>৪) সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন আবশ্যিকভাবে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিলের জন্য পরিষদের সকল সদস্যগণকে অনুরোধ করেন।<br>৫) সকল বিভাগীয় প্রধানদের বারং বার তাগিদ দেয়া সত্ত্বেও সভার কার্যপত্র অনেক বিভাগ থেকে না পাওয়ায় তার বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। এ বিষয়ে সভাপতি অসন্তোষ পোষন করেন। | ক। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এর আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৭টি স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ করা হয়।<br>খ।(১-৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুরাদনগর ও সভাপতি, উপজেলা পরিষদ সাধারণ সভা এর নির্দেশনা বাস্তবায়নপূর্বক আগামী সভায় অগ্রগতির প্রতিবেদন দাখিলের জন্য সকল বিভাগীয় প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান হয়।<br>সভা অনুষ্ঠানের ২ দিন পূর্বে স্ব-স্ব বিভাগের বিগত মাসের কার্যক্রম সম্পর্কে কার্যপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিলের জন্য পুনরায় অনুরোধ করা হলো। অন্যথায় তাঁর বিভাগের কার্যক্রম নেই মর্মে ধরে নেয়া হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, বিভাগীয় প্রধান (সকল) মুরাদনগর, কুমিল্লা/সহকারী প্রোগ্রামার/চেয়ারম্যান (সকল) ইউপি, মুরাদনগর, কুমিল্লা |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আহসানুল আলম কিশোর
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মুরাদনগর, কুমিল্লা

স্মারক নং-০৫.৪২.১৯৮১.০০০.০৬.০০৪.২২-১৩৫৮ /১ (৫০)

তারিখ ঃ ০৮ অগ্রহায়ণ ১৪৩০ / ২৩ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কাযার্থে প্রেরণ করা হল ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৩ (মুরাদনগর)
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
৪। জেলাপ্রশাসক, কুমিল্লা
৫। চেয়ারম্যান, মুরাদনগর উপজেলা পরিষদ, কুমিল্লা
৬। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, মুরাদনগর উপজেলা পরিষদ, কুমিল্লা
৭। উপজেলা ........................................... কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা
৮। সহকারী প্রোগ্রামার, তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, মুরাদনগর। ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৯। চেয়ারম্যান ........................................................... (সকল) ইউপি, মুরাদনগর, কুমিল্লা
১০। বেগম ..............................................সংরক্ষিত মহিলা সদস্য

২৩.১১.২৩

মোঃ আলাউদ্দীন ভূঞা জনী
উপজেলা নির্বাহী অফিসার
মুরাদনগর, কুমিল্লা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা
www.muradnagar.comilla.gov.bd

স্মারকনং-০৫.৪২.১৯৮১.০০০.০৬.০০৪.২২-১৩৪৩(৫০)

তারিখঃ ৫ অগ্রহায়ণ ১৪৩০
১৯ নভেম্বর ২০২৩

## সভার নোটিশ

নিম্নেবর্ণিত সময়সূচি মোতাবেক এ উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভা জনাব আহসানুল আলম কিশোর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লা এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা জনাব ইউসুফ আব্দুল্লাহ হারুন এফসিএ, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৩, মহোদয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

| ক্র.নং | সভার নাম | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা পরিষদের সাধারণ সভা | ২৩ নভেম্বর ২০২৩ বৃহস্পতিবার | সকাল ১১:০০ ঘটিকা | কবি নজরুল মিলনায়তন উপজেলা পরিষদ, মুরাদনগর |

সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। এছাড়া সভার কার্যবিবরণী প্রস্তুত করার লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগের আলোচ্য সূচি (যদি থাকে) তা ২২ নভেম্বর ২০২৩ তারিখ দুপুর ২:০০ টার মধ্যে স্বাক্ষরকারীর ই-মেইলে ওয়ার্ড ফাইলে (Nikosh/ SutonyMJ) ফন্টে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি:

১। গত সভার কার্যবিবরণী অনুমোদন।
২। গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন।
৩। কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৪। সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা।
৫। পরিষদের আয়-ব্যয়ের হিসাবের উপর আলোচনা।
৬। বিবিধ।

২০.১১.২৩

মোঃ আলাউদ্দীন ভূঞা জনী
উপজেলা নির্বাহী অফিসার
মুরাদনগর, কুমিল্লা
ফোন: ০২-৩৩৪৪৮৯২০
unomuradnagar1@gmail.com

১. উপজেলা......................অফিসার, মুরাদনগর
২. চেয়ারম্যান, ..................ইউপি (সকল), মুরাদনগর
৩. জনাব.................সদস্য, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৩ (মুরাদনগর)
০২। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৩। জেলাপ্রশাসক, কুমিল্লা
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা
০৫। চেয়ারম্যান, মুরাদনগর উপজেলা পরিষদ, কুমিল্লা